গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০১.৪৫.১১৬.১০ (অংশ-২)- ২৩২৬

তারিখঃ ১৫ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য কতিপয় নির্দেশনা।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মাঠ পর্যায়ের কার্যক্রম আরও গতিশীল করার লক্ষ্যে এবং জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো;

(১) বিভাগীয় অফিসের যুগ্মপরিচালকগণ তার নিজ দপ্তরসহ জেলা পরিসংখ্যান অফিসের কর্মকর্তা/কর্মচারীদের সময়মত অফিসে উপস্থিতি নিশ্চিত করবেন। যুগ্মপরিচালকগণ-কে তাৎক্ষনিক ফোনে অবহিত করে উপপরিচালকগণ ভ্রমণে বের হবেন। অনুরূপভাবে যুগ্মপরিচালকগণ পরিচালক এফএ অ্যান্ড এমআইএস উইং-কে অবহিত করে ভ্রমণে বের হবেন।
(২) বিভাগ/জেলা পর্যায়ের গাড়ী এবং উপজেলা পর্যায়ের মোটর সাইকেল নিজ নিজ কর্মক্ষেত্রের বাইরে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ব্যবহার করতে পারবে না।
(৩) বিভাগীয় যুগ্মপরিচালকগণ প্রতিমাসের শেষ কর্মদিবসে উক্ত মাসের বিস্তারিত পরিদর্শন প্রতিবেদন এসও (ফিল্ড) জনাব হোসেন আহমেদ সোহরাওয়ার্দী এর ই-মেইলে প্রেরণ করবেন।
(৪) উপপরিচালকগণ মাসের শেষ কার্যদিবসে সংশ্লিষ্ট যুগ্মপরিচালকের নিকট বিস্তারিত পরিদর্শন প্রতিবেদন দিবেন।
(৫) উপপরিচালকগণ উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের অফিসে উপস্থিতি নিশ্চিত করবেন। উপজেলা কর্মকর্তাগণ সংশ্লিষ্ট উপপরিচালক-কে তাৎক্ষণিকভাবে অবহিত করে পরিদর্শনে যাবেন।
উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়ন করার জন্য বিবিএস সদর দপ্তর হতে মনিটরিং করা হবে।

৩০/৯/২০২০

মোঃ এমদাদুল হক
পরিচালক
টেলিফোন নং-৫৫০০৭০৬৮
ই-মেইলঃ emdad1972@yahoo.com

বিতরণঃ জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, (সকল).....
(অধীন সকল কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণের অনুরোধসহ)।
০২। উপপরিচালক, প্রশাসন/বিনিক/সমন্বয়/ প্রশিক্ষণ শাখা, বিবিএস, ঢাকা।
০৩। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, (সকল).....
(অধীন সকল কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণের অনুরোধসহ)।
০৪। স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
০৫। স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
০৬। অফিস কপি।